

তালায় শিক্ষকের বেত্রাঘাতে ছাত্রী গুরুতর আহত

প্রতিনিধি, তালা (সাতক্ষীরা)

ক্রমে অচল না পারায় তালায় হরিণখোলা রেলি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণীর ছাত্রী পঞ্চমী বালা চাকীকে (১০) অমানুষিকভাবে পিটিয়ে রক্তাক্ত করলে বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোবিন্দ লাল মল্ল। পঞ্চমী একই গ্রামের দুর্গাপদ ঢালীর কন্যা। এ ঘটনায় গুরুতর আহতাবস্থায় ছাত্রীকে চিকিৎসার জন্য তালা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। তালা হাসপাতালে চিকিৎসাধীন তুলছাত্রী পঞ্চমী বালা ঢালী জানান, গত মঙ্গলবার সকালে তুলে যাওয়ার পর তুলের প্রধান শিক্ষক গোবিন্দ লাল মল্ল তাকে অচল করতে সেন। কিন্তু অচল না পারায় প্রধান শিক্ষক তাকে বেত দিয়ে প্রায় ৫০টি আঘাত করে। একপর্যায়ে সে জ্ঞান হারিয়ে ফেলে।



পঞ্চমী বালা ঢালী

আহত ছাত্রীর পিতা দুর্গাপদ ঢালী জানান, বেতড়ক বেত্রাঘাতের পর তাকে তালা হাসপাতালে ভর্তি করা হয়। তিনি এই শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা দাবি করেন। এদিকে অভিযুক্ত প্রধান শিক্ষক গোবিন্দ লাল মল্ল বেত্রাঘাতের কথা পীকার করে বলেন, এই ছাত্রীকে দুষ্টিমি করার কারণে দুটি আঘাত করা হয়েছে। তালা হাসপাতালের কর্তব্যরত চিকিৎসক ডা. মধুসূদন সাহা বলেন, আহত এই ছাত্রী বর্তমান

তার হেফাজতে রয়েছে। উপজেলা ডারগ্রাণ্ড প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আশীষ কুমার নন্দী মারপিটের ঘটনায় আহত এই ছাত্রীকে হাসপাতালে দেখতে যান। তিনি বলেন, অভিযুক্ত প্রধান শিক্ষককে জরুরিভাবে তলব করা হয়েছে। তালা উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহবুবুর রহমান বলেন, ঘটনার সত্যতা পাওয়া গেলে অবশ্যই অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।